



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭


স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৩৬.২০২৩-৯৩০

তারিখ : ০৭/০৪/২০২৬ খ্রি:।

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬/০৪/২০২৬ খ্রি: তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে লিখিত আবেদনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার স্বার্থে গত ১৮/০২/২০২৬ খ্রি: তারিখে পরীক্ষা পিছানোকে কেন্দ্র করে সংগঠিত অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রকৃত কারণ উদঘাটনের প্রয়োজনে অধিকতর তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির বিচারিক কার্যক্রম চলমান রাখার বিষয়ে পূর্ণ সংহতি ও একাত্মতা প্রকাশ করা হয়। একই সাথে সাধারণ শিক্ষার্থীদের শিক্ষাজীবনের ধারাবাহিকতা রক্ষার্থে স্থগিত হওয়া পরীক্ষাসমূহ আগামী ১২/০৪/২০২৬ খ্রি: তারিখ হতে পুনরায় শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। উল্লেখ্য যে, পরীক্ষা চলাকালে তদন্ত কমিটিকে সর্বাত্মক সহযোগিতা করার বিষয়ে সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে অঙ্গীকার ও প্রতিশ্রুতি প্রদান করা হয়।

০২। এই প্রেক্ষিতে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে গত ০৬/০৪/২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়, সকল অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, পরিচালক, উপদেষ্টা, রেজিস্ট্রার ও পরীক্ষা নিয়ন্ত্রক এর সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৩৬.২০২৩-৮৮০; তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি: এর মাধ্যমে সকল বিভাগের আভ্যন্তরীণ জুয়েট প্রোগ্রামের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের চলমান সেমিস্টারের পরীক্ষা স্থগিত সংক্রান্ত আদেশ প্রত্যাহার করা হলো।


০৭.০৪.২৬

(অধ্যাপক ড. মোহা: আবু তৈয়ব)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)


তারিখ : ০৭/০৪/২০২৬ খ্রি:।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৩৬.২০২৩-৯৩০

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
- ৪। সভাপতি, শিক্ষক সমিতি।
- ৫। সভাপতি, সংশ্লিষ্ট তদন্ত কমিটি।
- ৬। পরিচালক (ছাত্র কল্যাণ)।
- ৭। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সকল নোটিশ বোর্ড।
- ৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


০৭/০৪/২৬

(মোঃ জহিরুল ইসলাম)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক শাখা।